# FAQ

## Account Class Change – Uclick

১. আমি Uclick -এর মাধ্যমে একটি অ্যাকাউন্ট খুলেছি। উক্ত অ্যাকাউন্টের লেনদেন সীমা কি এক লক্ষ টাকার অধিক করতে পারবো?

উত্তর: হ্যাঁ, পারবেন। এজন্য আপনাকে শাখায় উপস্থিত হয়ে অ্যাকাউন্টের ধরন পরিবর্তন (Account Class Change) করতে হবে।

২. অ্যাকাউন্টের ধরন পরিবর্তন বিষয়টি কি?

উত্তর: অ্যাকাউন্টের ধরন পরিবর্তন হলো, হিসাবের নম্বর ঠিক রেখে আপনার সুবিধামত অন্য কোন অ্যাকাউন্টে রূপান্তর। অর্থাৎ অ্যাকাউন্টের বৈশিষ্ট্য ও সুযোগ সুবিধা পরিবর্তন।

৩. অ্যাকাউন্টের ধরন পরিবর্তনের জন্য শাখায় সশরীরে উপস্থিত হওয়া কি বাধ্যতামূলক?

উত্তর: হ্যাঁ, আপনাকে সশরীরে শাখায় উপস্থিত হতে হবে।

৪. অ্যাকাউন্টের ধরন পরিবর্তনের জন্য আমাকে কি কি করতে হবে?

উত্তর: Account Class Change ফরম পূরণ করতে হবে এবং নিম্নোক্ত ডকুমেন্ট প্রদান করতে হবে-

- ✓ মূল জাতীয় পরিচয়পত্র
- ✓ এক কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি
- ✓ আয়ের উৎস নিশ্চতকরণ দলিল (যদি থাকে)
- ✓ ঠিকানা নিশ্চতকরণ দলিল - ইউটিলিটি বিলের ফটোকপি

নোট: শাখা কর্মকর্তার সামনে Account Class Change ফরমে স্বাক্ষর করতে হবে।

৫. অ্যাকাউন্টের ধরন পরিবর্তনের পর কি এক লক্ষ টাকার অধিক লেনদেন করতে পারবো?

উত্তর: হ্যাঁ, পারবেন। আপনার ঘোষিত আয়ের উৎস অনুযায়ী নিয়মিত লেনদেন করতে পারবেন।

৬. অ্যাকাউন্টের ধরন পরিবর্তন করলে কি অ্যাকাউন্ট নম্বর পরিবর্তন হয়ে যাবে?

উত্তর: না, অ্যাকাউন্ট নাম্বার অপরিবর্তিত থাকবে।

৭. আমার ডেবিট কার্ডের নম্বর পরিবর্তন হবে অথবা নতুন ডেবিট কার্ড দেয়া হবে কিনা?

না, আপনার ডেবিট কার্ড ও কার্ডের নম্বর অপরিবর্তিত থাকবে।

৮. অ্যাকাউন্টের ধরন পরিবর্তনের পর কি চেক বই সুবিধা পাবো?

উত্তর: হ্যাঁ, পাবেন।

৯. অ্যাকাউন্টের ধরন পরিবর্তনের জন্য কি যেকোনো ইউসিবি শাখায় আবেদন করতে পারবো?

উত্তর: হ্যাঁ, পারবেন।

১০. অ্যাকাউন্টের ধরন কি কারেন্ট অ্যাকাউন্টে পরিবর্তন করতে পারবো?

উত্তর: না, পারবেন না। সেভিংস অ্যাকাউন্ট থেকে কেবল অন্য একটি সেভিংস অ্যাকাউন্টে রূপান্তর করা যাবে।

১১. Uclick –এ খোলা সব ধরনের অ্যাকাউন্টের ক্ষেত্রে ধরন পবিবর্তন সুবিধা প্রযোজ্য হবে কি?

- ✓ রিটেইল (সবুজ সঞ্চয় ও প্রবাসী সেভিংস অ্যাকাউন্ট) – অ্যাকাউন্টের ধরন পরিবর্তন করে লেনদেনসীমা বাড়ানো যাবে
- ✓ এসএমই (স্বাবলম্বী ডিজিটাল অ্যাকাউন্ট) - লেনদেনসীমা বাড়াতে হলে শাখায় গিয়ে নতুন অ্যাকাউন্ট খুলতে হবে